সংবাদ

তারিখ ... 19 JUL 2017 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪ ...

# কুমিল্লা জিলা স্কুলের ১৮০ বর্ষপূর্তি কাল

**প্রতিনিধি, কুমিল্লা**

জেলার প্রাচীনতম বিদ্যাপীঠ ঐতিহ্যবাহী কুমিল্লা জিলা স্কুলের গৌরবময় ১৮০ বছর পূর্তি উৎসব অনুষ্ঠিত হচ্ছে আজ বৃহস্পতিবার। এ উৎসবকে ঘিরে বর্ণিল সাজে সেজেছে বিদ্যালয় প্রাঙ্গণ। দিবসটিকে স্মরণীয় করে রাখতে ওইদিন বিদ্যালয়ের নবীন-প্রবীণ শিক্ষার্থী এবং শিক্ষক-শিক্ষিকারা যোগ দেবেন বর্ণাঢ্য আনন্দ র‌্যালি ও স্মৃতিচারণমূলক আলোচনায়। রয়েছে সাংস্কৃতিক অনুষ্ঠানও।

জানা যায়, ১৮৩৭ সালের ২০ জুলাই নগরীর কান্দিরপাড়ে ধর্মসাগরের কোলঘেঁষে প্রতিষ্ঠিত হয় জেলার প্রাচীনতম বিদ্যাপীঠ কুমিল্লা জিলা স্কুল। কালের পরিক্রমায় সাফল্যের ধারাবাহিকতায় এ বিদ্যালয়টি পরিণত হয়েছে জ্ঞানের আলোকবর্তিকায়। দীর্ঘ এসময়ে শিক্ষার প্রসারে রেখেছে অনন্য ভূমিকা। আগামীকাল বৃহস্পতিবার এ বিদ্যালয়ে প্রতিষ্ঠার গৌরবময় ১৮০ বছর পূর্তি উদযান করা হবে। এ উপলক্ষে কুমিল্লা জিলা স্কুলের শহীদ আবু জাহিদ অডিটোরিয়ামে নবীন ও প্রবীণ শিক্ষার্থীদের স্মৃতিচারণমূলক আলোচনা সভায় প্রধান অতিথি থাকবেন কুমিল্লা সদর আসনের এমপি হাজী আ ক ম বাহাউদ্দিন বাহার। এতে বিশেষ অতিথি থাকবেন সিটি মেয়র মনিরুল হক সাক্কু এবং কুমিল্লা জিলা স্কুল অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা নাজমুল হাসান পাখী। জানতে চাইলে বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা রাশেদা আক্তার জানান, 'দীর্ঘ হিরন্ময় ঐতিহ্যের ধারক ও বাহক কুমিল্লা জিলা স্কুল। প্রতিষ্ঠালগ্ন থেকেই এটি এক অনন্য শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে সমাদৃত। দীর্ঘ ১৮০ বছরের সোনালী পথচলায় সকল ক্ষেত্রেই গৌরবের আসনে সমাসীন এ বিদ্যাপীঠ। পূর্তি উৎসবের সকল প্রস্তুতি ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। এতে প্রাক্তন ও নবীন শিক্ষার্থীরা অংশগ্রহণ করবে। সকলের অংশগ্রহণে প্রাণবন্ত হয়ে ওঠবে বিদ্যালয় অঙ্গন।'

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/অবগত্যর্থে
স্বাক্ষর